

## শেষের পথে কলকাতার ট্রাম অধ্যায়

- A Monitor Desk Report

Date: 20 August, 2023



কলকাতার ট্রাম অধ্যায়ের ইতিহাস প্রায় দেড়শ বছরের। ষোড়শ গাড়ির যুগে ১৮৭৩ সালে ট্রাম চালুর পর কলকাতার মানুষের জীবনযাত্রায় ব্যাপক পরিবর্তন আসে। কিন্তু সময়ের পরিক্রমায় কমতে শুরু করেছে সেই ট্রামের সংখ্যা।

একাধিক ভারতীয় পত্রিকার খবরে জানানো হয়, কলকাতা শহরে যানজটের সমস্যা এড়াতে ট্রামের সংখ্যা কমানোর পদক্ষেপ আগেই শুরু করেছিল পৌরসভা কর্তৃপক্ষ। চলতি বছর তা কমতে কমতে মাত্র ৪ রুটে চলাচল করবে।

কলকাতার মেয়র ফিরহাদ হাকিমের মুখেও শোনা গেল ট্রাম বন্ধের কথা। তিনি বলেন, শহরে ট্রাম বন্ধ করে দেওয়ার কথা ভাবা হচ্ছে। খিদিরপুর, পার্ক সার্কাস এবং বালিগঞ্জ ছাড়া কলকাতার বাকি সব এলাকায় ট্রাম চলাচল বন্ধ করে দেওয়া হবে।

এ পরিস্থিতিতে প্রশ্ন দেখা দিয়েছে, কলকাতার দেড়শ বছরের ইতিহাস ট্রাম অধ্যায় কি সমাপ্তির পথে?

এ বিষয়ে কলকাতার মেয়র বলেন, ষোড়শ টানা থেকে ট্রামের সূচনা হয়েছিল। এরপর বিদ্যুতে চলতে শুরু করে। এখন আমাদের লক্ষ্য, দূষণ কমানো। বহু রুটে ব্যস্ত সময়েও ট্রাম ফাঁকা যায়। হেরিটেজ বজায় রাখতেই কয়েকটি রুটে ট্রাম চালু থাকবে।

**আরও পড়ুন:** [বোয়িংয়ের সঙ্গে চুক্তি ইথিওপিয়ান এয়ারলাইনসের](#)

তিনি আরও বলেন, মেট্রোরেলের কারণে দূত যাতায়াত সম্ভব হচ্ছে। ট্রামে যাতায়াত কমে গিয়েছে। সেজন্যে এই সিদ্ধান্ত।

